



বিমানবন্দরে বিদেশযাত্রায় বাধা বৈষম্যবিরোধী আন্দোলনের নেতা মাহদীকে



ছবি: সংগৃহীত

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের হবিগঞ্জ জেলা শাখার সাবেক সদস্যসচিব মাহদী হাসানকে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে বিদেশ যেতে দেওয়া হয়নি বলে অভিযোগ করেছেন তিনি।

মাহদী জানান, বৃহস্পতিবার (৮ অক্টোবর) রাত ৯টা ৩৫ মিনিটে ইতিহাদ এয়ারওয়েজের ফ্লাইটে তার জ্যামাইকা যাওয়ার কথা ছিল। তবে বিমানবন্দরে তাকে আটকে দেওয়া হয়। মাহদী অভিযোগ করেন, বিভিন্ন মামলায় জামিনে থাকা সত্ত্বেও তাকে বিদেশে যাওয়ার অনুমতি দেওয়া হয়নি। পুলিশ তাকে দেশের বাইরে যেতে আদালতের অনুমতি নেওয়ার পরামর্শ দেয়। পরে তিনি বিমানবন্দর ছেড়ে চলে যান।

তবে মাহদীকে আটকে দেওয়ার বিষয়ে বিমানবন্দর থানার ডিউটি অফিসার কোনো তথ্য জানান না বলে জানিয়েছেন।

LENS ASIA